

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

নং-২৮.০০.০০০০.০১৩.১৬.০১৭.২০১৭- ১৬

তারিখ: ২০ পৌষ ১৪২৪  
০৩ জানুয়ারি ২০১৮

বিষয়: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্য বাতায়নে (ওয়েবসাইট) ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্য বাতায়নে (ওয়েবসাইট) ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয় নিয়ে ০২ জানুয়ারি, ২০১৮ তারিখ সকাল ১০:০০ টায় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এ বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (অপারেশন) বেগম সিদ্দিকা আক্তার সভায় সভাপতিত্ব করেন।

০২। আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রে উল্লিখিত সংযুক্ত ছক মোতাবেক ইনোভেশন সংক্রান্ত তথ্য আপলোড, ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা, ইনোভেশন পাইলটিং প্রকল্প, ইনোভেশন রেলিকেশন, ইনোভেশন শোকেসিং এবং সেবা পদ্ধতি সহজিকরণ বিষয় নিয়ে আলোচনা করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭-২০১৮ এর বিষয়ে এ বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ কামরুজ্জামান জানান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ে কার্যক্রম চলছে। তবে জারীকৃত জি.ও এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। তিনি আরও জানান, চাকরির আবেদন অনলাইনে গ্রহণ ও রেসপন্স বিষয়ে এই মুহর্তে কোন কার্যক্রম নেই। ডিজিটাল বোর্ড স্থাপনের বিষয়ে সভাকে জানানো হয় যে, এ বিষয়ে অর্থ বরাদ্দ না থাকায় তা কার্যকর করা যাচ্ছে না। এলপিজি লাইসেন্স প্রদানের ক্ষেত্রে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের লক্ষ্যে আবেদনের ফরম নিকস ফন্টে প্রণয়ন ও এটুআই এ প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া সভায় ইনোভেশন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ বাস্তবায়নের জন্যও আলোচনা হয়।

০৩। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ৩.১ ডিজিটাল বোর্ড স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় বাজেট সংগ্রহ;
- ৩.২ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তি করা এবং জারীকৃত সকল জি.ও ওয়েবসাইটে আপলোড করা ;
- ৩.৩ বিগত সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ গ্রহণ করা;
- ৩.৪ ইনোভেশন কমিটিতে আইসিটি কর্মকর্তাকে কো-অপ্ট করা;
- ৩.৫ এলপিজি লাইসেন্স প্রদানের ক্ষেত্রে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের লক্ষ্যে আবেদনের ফরম নিকস ফন্টে প্রণয়ন ও এটুআই কর্মকর্তার নিকট প্রেরণ করার নিমিত্ত আইসিটি কর্মকর্তাকে নির্দেশনা প্রদান; এবং
- ৩.৬ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইনোভেশন টিমের সদস্যগণকে আরও সক্রিয় হতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ০৩/০১/২০১৮  
(সিদ্দিকা আক্তার)  
যুগ্মসচিব (চিফ ইনোভেশন অফিসার)

চলমান পৃষ্ঠা-০২

নং-২৮.০০.০০০০.০১৩.১৬.০১৭.২০১৭- ১৬


তারিখ: ২০ পৌষ ১৪২৪  
০৩ জানুয়ারি ২০১৮

বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০২। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৩। উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৪। উপপ্রধান (পরিকল্পনা-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৫। সিস্টেমস এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)।
- ০২। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৪। যুগ্মসচিব (অপারেশন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

  
(মো: আবু জুবাইর হোসেন বাবুল)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৫১১৪৩